রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, অক্টোবর ২২, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ/২১ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩১১-আইন/২০১৫।**—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) দ্বারা রহিতকৃত Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৯ আশ্বিন ১৪০৮ বঙ্গাব্দ মোতাবেক ২৪ সেপ্টেম্বর ২০০১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৭০-আইন/২০০১ দ্বারা উক্ত প্রজ্ঞাপনের তফসিলভুক্ত কতিপয় এলাকা অন্তর্ভুক্তকরণপূর্বক বেড়া পৌরসভার সীমানা সম্প্রসারণ করিয়াছিল;

যেহেতু, উক্ত Ordinanc এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৪ আশ্বিন, ১৪০৯ বঙ্গাব্দ মোতাবেক ২৯ সেপ্টেম্বর, ২০০২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬৮-আইন/২০০২ দ্বারা, অতঃপর উক্ত প্রজ্ঞাপন বলিয়া উল্লিখিত, উক্ত প্রজ্ঞাপনের তফসিলভুক্ত কতিপয় এলাকা বিলুপ্তক্রমে বেড়া পৌরসভার সীমানা সংকুচিত করিয়াছিল; এবং

যেহেতু, সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সিভিল আপিল নং ২১৮/২০০৭ এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১২৬/২০০৬ মামলায় উক্ত প্রজ্ঞাপন আইনগত ক্ষমতা বহির্ভূতভাবে জারি হইয়াছে মর্মে সাব্যস্ত করা হয়;


**মূল্য ঃ** টাকা ৪.০০

সেহেতু, সরকার স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ৪ এর উপ-ধারা (৪) এর দফা (খ), General Clauses Act, 1897 (Act No. X of 1897) এর section 21 এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে উক্ত প্রজ্ঞাপন/এ বিভাগের ১৪ আশ্বিন, ১৪০৯ বঙ্গাব্দ মোতাবেক ২৯ সেপ্টেম্বর, ২০০২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬-আইন/২০০২ এতদ্দ্বারা রহিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd